# জাতীয় কৃষি আবহাওয়া
# পরামর্শ সেবা বুলেটিন

**০৮ জুন ২০২২ (বুধবার)**
**[সময়কালঃ ০৮.০৬.২০২২-১২.০৬.২০২২]**



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

<u>**মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ**</u>

কৃষি আবহাওয়া পরামর্শ:
করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:
করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা মেনে চলুন।

আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:

লঘুচাপের বর্ধিতাংশ বিহার থেকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারি অবস্থায় রয়েছে।
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; রাজশাহী, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং বরিশাল ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
খুলনা, সাতক্ষীরা, যশোর ও চুয়াডাঙা জেলাসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থেকে বিস্তার লাভ করতে পারে।
সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।
পরবর্তী ৭২ ঘণ্টায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।
**মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের অধিকাংশ জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।**
এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো:

এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো:

**পাট:**

- পাটের জমিতে বৃষ্টির পানি যেন জমে না থাকে সেজন্য পানি নিষ্কাশনের ব্যবস্থা থাকতে হবে।
- পাটের বিছা পোকা বাচ্চা অবস্থায় দলবদ্ধভাবে থাকে এবং পাতার সবুজ অংশ খেয়ে পাতা ঝাঝড়া করে ফেলে। এ অবস্থায় পাতা সহ বিছা পোকাগুলো তুলে অল্প কেরোসিন মিশ্রিত পানিতে ডুবিয়ে অথবা পায়ে মাড়িয়ে অতি সহজে দমন করা যায়। আক্রমণ ব্যাপক হলে হেজিনন ৬০ইসি ১.৫মিলি লিটার পানি, ইমিডাকোলর ১০ ডব্লিউপি ১.৫গ্রাম প্রতি লিটার পানি, সেভিন ৮৫এসপি ০.৫মিলি প্রতিলিটার পানিতে মিশিয়ে স্প্রে করলে এই পোকা দমন করা যায়।
- পাটের ঘোড়া পোকার আক্রমণ দেখা দিলে ক্ষেতে বাঁশ বা গাছের ডাল পুতে পাখি বসার ব্যবস্থা করুন। পোকার আক্রমণ অধিক হলে ক্ষেতে কীটনাশক ঔষধ যেমন হেজিনন ৬০ইসি ১.৫মিলি লিটার পানি, ইমিডাকোলর ১০ ডব্লিউ ১.৫গ্রাম প্রতি লিটার পানি, সেভিন ৮৫এসপি ০.৫মিলি প্রতিলিটার পানিতে মিশিয়ে স্প্রে করলে এই পোকা দমন করা যায়।
- চেলে পোকার আক্রমণ নিয়ন্ত্রণের জন্য বীজ বপনের সময় ক্ষেতের আশে পাশে যদি অবাঞ্ছিত আগাছা থাকে তা পরিস্কার করে ফেলতে হবে। মৌসুমের প্রথমেই পাটের পরিচর্যার সময় ঐ সকল ডগা আক্রান্ত গাছগুলি তুলে ধ্বংস করতে হবে। পোকার আক্রমণ অধিক হলে ক্ষেতে কীটনাশক ঔষধ যেমন হেজিনন ৬০ইসি ১.৫মিলি লিটার পানি, সিমবুশ ১০ইসি ০.৫মিলি প্রতিলিটার পানিতে মিশিয়ে স্প্রে করলে এই পোকা দমন করা যায়।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**সবজি:**

- কুমড়া জাতীয় সবজির হস্ত পরাগায়নের ব্যবস্থা নিন। বিটল পোকা দেখা দিলে সকাল-বিকাল হাত দিয়ে মেরে ফেলুন।
- কুমড়া জাতীয় সবজিতে মাছি পোকার আক্রমণ দেখা দিলে ফেরোমন ও বিষটোপ ফাঁদের যৌথ ব্যবহার করুন। আলফা সাইপারমেথ্রিন গ্রুপের বালাইনাশক ব্যবহার করা যেতে পারে।

- বেগুনে ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিলে কীড়াসহ আক্রান্ত ডগা কেটে ধ্বংস করুন। ফেরোমন ফাঁদ ব্যবহার করে পোকার বংশবৃদ্ধি অনেকটা কমিয়ে আনা সম্ভাব। একান্ত প্রয়োজনে কেবল মাত্র পরিমিত মাত্রায় নির্দিষ্ট ক্ষমতা সম্পন্ন রাসায়নিক কীটনাশক অথবা স্থানীয়ভাবে সুপারিশকৃত জৈব কীটনাশক ব্যবহার করুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- ফল বাগানের আন্ত:পরিচর্যা করতে হবে।
- আম পরিপক্কতার সময় মাছি পোকা দমনের জন্য ফেনিট্রথিয়ন গ্রুপের সুমিথিয়ন ৫০ ইসি ১.১২ মিলি প্রতি লিটার পানির সাথে মিশিয়ে শেষ বিকালে স্প্রে করতে হবে।
- নারিকেলের মাকড় দমনের জন্য আক্রান্ত গাছের কচি ডাব কেটে পুড়িয়ে ফেলে গাছে মাকড়নাশক প্রয়োগ করতে হবে। এর সাথে আশেপাশের কম বয়সী গাছের কচি পাতাতেও মাকড়নাশক প্রয়োগ করতে হবে।
- পেয়ারায় মিলিবাগের আক্রমণ হলে অনুমোদিত বালাইনাশক ব্যবহার করুন। প্রতি লিটার পানিতে ৫ গ্রাম হারে গুড়া সাবান মিশিয়ে স্প্রে করেও এ পোকা দমন করা যায়।
- জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**গবাদি পশু:**

- গোয়াল ঘর খোলামেলা রাখুন। রাত বা প্রতিকূল আবহাওয়ায় কাপড় বা চটের পর্দা দিন।
- মশা মাছি তাড়ানোর জন্য ছিদ্রযুক্ত মাটির পাত্রে রেখে কয়েল ব্যবহার করুন।
- গবাদি পশুকে প্রচুর পরিষ্কার পানি পান করান।
- গবাদি পশুকে কাঁচা ঘাস খাওয়ান।
- রোগ প্রতিরোধে গবাদি পশুকে নিয়মিত টিকা দিন।

**হাঁস মুরগী:**

- রোগ প্রতিরোধে হাঁস মুরগীকে নিয়মিত টিকা দিন।
- মশা মাছি তাড়ানোর জন্য ছিদ্রযুক্ত মাটির পাত্রে রেখে কয়েল ব্যবহার করুন।
- হাঁসমুরগীর ঘর পরিষ্কার রাখুন।

**মৎস্য:**

- এখন মাছ মজুদের উপযুক্ত সময়। পুকুর প্রস্তুত করুন।
- পুরাতন সব মাছ পুকুর শুকিয়ে বা রোটেনন (২৫ গ্রাম/শতাংশ/ফুট) প্রয়োগ করে ধরে ফেলুন। ২/৩ দিন পর প্রতি শতাংশে ১ কেজি চুন প্রয়োগ করুন।
- চুন প্রয়োগের ৩/4 দিন পর সার (প্রতি শতাংশে ইউরিয়া ২০০ গ্রাম, টিএসপি ১০০ গ্রাম) প্রয়োগ করুন।
- সার প্রয়োগের ৩/4 দিন পর পানির রঙ সবুজাভ হলে স্তরভিত্তিক মাছের পোনা মজুদ করুন।

## দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি:

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (০৮ **জুন** ২০২২, সকল ০৬ টা পর্যন্ত) এবং ০৭ **জুন** ২০২২ এ সর্বোচ্চ তাপমাত্রা, ০৮ **জুন** ২০২২ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলো:

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩৪.৭ | ২৮.২ | রাজশাহী | রাজশাহী | ০০ | ৩৪.৮ | ২৭.১ |
| | টাঙ্গাইল | ০০ | ৩৩.৫ | ২৫.৪ | | ঈশ্বরদী | ০০ | ৩৪.৭ | ২৭.৫ |
| | ফরিদপুর | ০০ | ৩৫.০ | ২৭.৫ | | বগুড়া | ০৯ | ৩২.৬ | ২৫.২ |
| | মাদারীপুর | ০০ | ৩৫.৭ | ২৭.৭ | | বদলগাছী | ০৫ | ৩২.০ | ২৪.৩ |
| | গোপালগঞ্জ | সামান্য | ৩৪.৮ | ২৮.৪ | | তাড়াশ | ০১ | ৩২.৮ | XX |
| | নিকলি | ১০১ | ৩০.৫ | ২৫.০ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ১৮ | ৩১.৮ | ২৪.৬ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ৫৩ | ২৮.২ | ২৪.৭ | | দিনাজপুর | ০০ | ৩১.৫ | ২৫.২ |
| | নেত্রকোনা | ১০ | ৩০.৫ | ২২.০ | | সৈয়দপুর | ১৮ | ৩১.৫ | ২৬.৫ |
| | | | | | | তেঁতুলিয়া | ০১ | ৩৩.০ | ২৫.৬ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৩.৮ | ২৬.৮ | | ডিমলা | ০২ | ৩০.৮ | ২৬.৫ |
| | সন্দ্বীপ | ০০ | ৩৩.৫ | ২৮.০ | | রাজারহাট | ৩৮ | ৩১.০ | ২৪.২ |
| | সীতাকুন্ড | ০০ | ৩৪.৫ | ২৬.৫ | | | | | |
| | রাঙ্গামাটি | ০৫ | ৩৪.০ | ২৬.৫ | খুলনা | খুলনা | ০০ | ৩৭.০ | ২৮.৪ |
| | কুমিল্লা | ৪৪ | ৩৩.২ | ২৪.০ | | মংলা | ০০ | ৩৫.৮ | ২৮.০ |
| | চাঁদপুর | ০০ | ৩৫.২ | ২৮.২ | | সাতক্ষীরা | ০০ | ৩৬.০ | ২৭.৭ |
| | মাইজদীকোর্ট | ০৬ | ৩৪.৫ | ২৭.৬ | | যশোর | ০০ | ৩৬.৬ | ২৭.৬ |
| | ফেনী | ১৯ | ৩৩.৫ | ২৫.২ | | চুয়াডাঙ্গা | ০০ | ৩৬.২ | ২৭.২ |
| | হাতিয়া | ০০ | ৩৩.৫ | ২৭.৫ | | কুমারখালী | ০০ | ৩৫.০ | ২৭.৫ |
| | কক্সবাজার | ০০ | ৩৩.১ | ২৬.৮ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩৪.০ | ২৫.৬ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৫.২ | ২৭.৭ |
| | টেকনাফ | ৭২ | ৩৩.৬ | ২৫.২ | | পটুয়াখালী | সামান্য | ৩৪.৪ | ২৭.৫ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩৪.৪ | ২৭.৮ |
| সিলেট | সিলেট | ১৭ | ২৯.০ | ২৫.৫ | | ভোলা | ০৩ | ৩৫.০ | ২৭.৮ |
| | শ্রীমঙ্গল | ১০৪ | ৩১.২ | ২৩.০ | | | | | |

## প্রধান বৈশিষ্ট সমূহ:

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৩.৪০ ঘন্টা ছিল।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৩৬ মি: মি: ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:


**পূর্বাভাসঃ** রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; রাজশাহী, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং বরিশাল ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া সহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।


**তাপপ্রবাহঃ** খুলনা, সাতক্ষীরা, যশোর ও চুয়াডাঙ্গা জেলাসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থেকে বিস্তার লাভ করতে পারে।


**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।


## সপ্তাহের শেষে (০৭ জুন ২০২২ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন:

















Minimum Temperature (°C)
(01/06/2022 - 07/06/2022)
(°C)
24 25 26 27 28
Anomaly Minimum Temperature (°C)
(01/06/2022 - 07/06/2022)
(°C)
-1 0 1 2
Diurnal Temperature (°C)
(01/06/2022 - 07/06/2022)
(°C)
5 7 9
Anomaly Diurnal Temperature (°C)
(01/06/2022 - 07/06/2022)
(°C)
-2 0 2


Maximum Humidity (%)
(01/06/2022 - 07/06/2022)
91 93 95 97 99
(%)


Minimum Humidity (%)
(01/06/2022 - 07/06/2022)
58 64 70 76 82
(%)


Wind Speed (knots)
(01/06/2022 - 07/06/2022)
0 2 4 6 8
(knots)


Cloud Amount (Octa)
(01/06/2022 - 07/06/2022)
4 6 8
(Octa)

## আবহাওয়ার পূর্বাভাস:


## আবহাওয়ার পূর্বাভাস ০৮/০৬/২০২২ হতে ১৪/০৬/২০২২ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৪.০০ থেকে ৫.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মি.মি. থেকে ৪.০০ মি.মি. থাকতে পারে।


- মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দূর্বল থেকে মাঝারি অবস্থায় রয়েছে।
- সিলেট বিভাগের অধিকাংশ স্থানে (৭৫% এর বেশি এলাকা) অস্থায়ী দমকা ও ঝড়োহাওয়াসহ মাঝারি (১১-২২মি.মি./দিন) থেকে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি./দিন) থেকে অতি ভারী (৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- রংপুর ও ময়মনসিংহ বিভাগের অনেক স্থানে অস্থায়ী দমকা ও ঝড়োহাওয়াসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে রংপুর ও ময়মনসিংহ বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) থেকে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময় ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু স্থানে (২৫%-৫০% এলাকা) এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক স্থানে (২৫% এর কম এলাকা) অস্থায়ী দমকা ও ঝড়োহাওয়াসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময় সারা দেশের দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।


### আগামী ০৫ দিনের জেলাওয়ারী পরিমাণগত আবহাওয়া পূর্বাভাস (০৮ জুন হতে ১২ জুন ২০২২ পর্যন্ত)









Minimum Temperature (°C)
(08/06/2022 - 12/06/2022)
24 25 26 27
(°C)


Maximum Humidity (%)
(08/06/2022 - 12/06/2022)
68 73 78 83 89
(%)


Minimum Humidity (%)
(08/06/2022 - 12/06/2022)
39 50 61 72 83
(%)



Diurnal Temperature (°C)
(08/06/2022 - 12/06/2022)
3 6 9 12
(°C)

| | |
|---|---|
|  | |



Wind Speed (knots)
(08/06/2022 - 12/06/2022)
2 4 6 8
(knots)

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ থেকে প্রাপ্ত তথ্য:


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week No. 22 (21 May-27 May) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 22 (21 May-27 May) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 22 (21 May-27 May) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 22 (21 May-27 May) over Agricultural regions of Bangladesh

